# রোহিঙ্গা সংকট সমাধানে কক্সবাজারে আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধন করবেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

কক্সবাজারে রোহিঙ্গা ইস্যুতে তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। আজ মূল অধিবেশন উদ্বোধন করবেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। প্রথম দিনে রোহিঙ্গা প্রতিনিধিদের সঙ্গে ইন্টারঅ্যাকটিভ সেশনে নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের উপায় নিয়ে আলোচনা হয়।

রোহিঙ্গা সংকট মোকাবেলায় কক্সবাজারে আয়োজিত তিন দিনের আন্তর্জাতিক সম্মেলনের মূল অধিবেশন আজ সোমবার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

এর আগে রোববার বিকেল ৫টায় সম্মেলনের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়। সেখানে রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রতিনিধি, আন্তর্জাতিক সংস্থা, দেশি-বিদেশি বিশেষজ্ঞ, কূটনীতিক, রাজনৈতিক ব্যক্তিত্ব ও শিক্ষাবিদরা অংশ নেন।

প্রথম দিনের কার্যক্রমে আয়োজিত বিশেষ ইন্টারঅ্যাকটিভ সেশনে রোহিঙ্গা প্রতিনিধিরা তাদের অভিজ্ঞতা তুলে ধরেন। তারা অভিযোগ করেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের নীরবতার কারণে দীর্ঘদিন ধরে শরণার্থী জীবন কাটাতে বাধ্য হচ্ছেন তারা। জোরপূর্বক নয়, বরং নিজেদের অধিকার, মর্যাদা ও নাগরিকত্ব নিশ্চিত করে নিজ দেশে ফিরতে চান বলে জানান তারা।

সেশনে বক্তারা রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের জন্য আস্থা গড়ে তোলার কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন।